দৈনিক ইনকিলাব

তারিখ ... 17 SEP 2007 ...
পৃষ্ঠা 2 কলাম 8 .....

# আজ শিক্ষা দিবস
## বিভিন্ন কর্মসূচী গ্রহণ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : আজ (সোমবার) মহান শিক্ষা দিবস। ১৯৬২ সালে তৎকালীন পাকিস্তানী সামরিক শাসক আইয়ুব খানের চাপিয়ে দেয়া শরীফ কমিশনের ছাত্রস্বার্থ ও গণবিরোধী শিক্ষা নীতি প্রতিহত করতে তুমুল ছাত্র আন্দোলন শুরু হয়েছিল। আন্দোলনের এক পর্যায়ে ১৭ আগস্ট হাইকোর্ট মোড়ে ছাত্রদের মিছিলে পুলিশ গুলী চালায় আইয়ুব সরকারের পুলিশ। এতে মোস্তফা, বাবুল, ওয়াজীউল্লাহ শহীদ হন। তার পর থেকে বাংলাদেশের ছাত্র সমাজ প্রতিবছর এ দিনটিকে শিক্ষা দিবস হিসেবে পালন করে আসছে। শিক্ষা দিবস উপলক্ষে শ্রদ্ধা নিবেদন, আলোচনা সভাসহ নানা কর্মসূচীর আয়োজন করা হয়েছে।

### ছাত্র মৈত্রী

মহান শিক্ষা দিবস উপলক্ষে বাংলাদেশ ছাত্র মৈত্রী আজ সকাল ১০টায় হাইকোর্ট মোড়ে শিক্ষা ভবনের সামনের রাস্তায় শ্রদ্ধা নিবেদন করবে। এছাড়া বিকাল ৪টায় সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে আলোচনা সভার আয়োজন করা হয়েছে। এ আলোচনা সভায় বক্তব্য রাখবেন বাষট্টির শিক্ষা আন্দোলনের নেতা তৎকালীন ডাকসু সহ-সভাপতি ও বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন এবং শিক্ষা আন্দোলনের নেতা ও বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির পলিট ব্যুরো সদস্য হায়দার আকবর খান রনো।

### জাসদ ছাত্রলীগ

মহান শিক্ষা দিবস উপলক্ষে জাসদ ছাত্রলীগ সকাল ১০টায় শিক্ষা ভবনের সামনে শহীদ বেদীতে পুষ্পমাল্য অর্পণ এবং সকাল ১১টা ৩০ মিনিটে কর্নেল তাহের মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। জাসদ ছাত্রলীগের সভাপতি শরিফুল কবির স্বপন, সাধারণ সম্পাদক আলী হাসান তরুণ এক বিবৃতিতে আগামীকালের কর্মসূচী সফল করার জন্য নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান।

### সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট

সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির সভাপতি খালেকুজ্জামান লিপন ও সাধারণ সম্পাদক নিখিল দাস শিক্ষা দিবস উপলক্ষে এক যুক্ত বিবৃতিতে ছাত্র-শিক্ষক-অভিভাবকসহ শিক্ষানুরাগী সকল মহলকে শিক্ষা সংকোচন নীতির বিরুদ্ধে রুখে দাঁড়ানোর আহ্বান জানান।

### ছাত্র ইউনিয়ন

মহান শিক্ষা দিবস উপলক্ষে প্রচলিত শিক্ষা ব্যবস্থা বলবৎ রেখে গণতান্ত্রিক বাংলাদেশ গড়ে তোলা সম্ভব নয় উল্লেখ করে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন দেশে গণমুখী বিজ্ঞানভিত্তিক, সার্বজনীন ও একই ধারার শিক্ষানীতি বাস্তবায়নের দাবী জানিয়েছে। এক বিবৃতিতে সংগঠনের সভাপতি সামসুল আলম সজ্জন ও সাধারণ সম্পাদক খান আসাদুজ্জামান মাসুম বলেন, দেশে প্রচলিত বহুধারার সাম্প্রদায়িক শিক্ষানীতি কার্যকর রেখে কেবলমাত্র রাজনৈতিক দলের সংস্কারের মাধ্যমে গণতান্ত্রিক বাংলাদেশের স্বপ্ন আকাশ কুসুম কল্পনামাত্র। পাকিস্তানী স্বৈরশাসনের ভিত্তিমূল উৎপাটন করে স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠার বীজ অঙ্কুরিত হয়েছিল শিক্ষা আন্দোলনের মধ্য দিয়ে।